

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৮৭

ধর্মনগর, ২৫, জানুয়ারি, ২০২৪

ধর্মনগরে জাতীয় কন্যা সন্তান দিবস উদযাপন

ধর্মনগরে গতকাল এক অনুষ্ঠানের মধ্যদিয়ে জাতীয় কন্যা সন্তান দিবস উদযাপন করা হয়। উক্ত ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন উক্ত ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস। অনুষ্ঠানের উদ্বোধন করে জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস বলেন, মেয়েদেরও ছেলেদের মত সমান অধিকার রয়েছে। মেয়েরাও পারে সমাজকে এগিয়ে নিয়ে যেতে। তাই কন্যা সন্তানদেরও শিক্ষার সুযোগ দিতে হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন, জেলা পঞ্চায়েত আধিকারিক গৌতম চৌধুরী, তথ্য ও সংস্কৃতি দপ্তরের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববর্মা, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের আধিকারিকগণ প্রমুখ। অনুষ্ঠানে কন্যা সন্তানের যত্ন নেওয়া, বাল্যবিবাহ প্রতিরোধ, ভ্রূণের লিঙ্গ নির্ধারণ না করার বিষয়ে মানুষের মধ্যে সচেতনতা তৈরী করার ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ৩ জন অঙ্গনওয়াড়ী কর্মী ও ৩ জন আশাকর্মীকে সংবর্ধনা দেওয়া হয়েছে। অনুষ্ঠানে জেলাশাসক দেবপ্রিয় বর্ধন বলেন, মেয়েরা যাতে সর্বক্ষেত্রে ছেলেদের সমান সুযোগ পায় তা আমাদের নিশ্চিত করতে হবে। বাল্যবিবাহ, ভ্রূণের লিঙ্গ নির্ধারণ বন্ধ করার ক্ষেত্রে সমাজকে আরও সচেতন হতে হবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা পরিদর্শক প্রসেনজিৎ দেববর্মা।
